

--: পরীক্ষা সংক্রান্ত কিছু প্রশ্ন ও উত্তর :--

পরীক্ষা সংক্রান্ত নোটিশ কলেজের কোন ওয়েবসাইটে পাওয়া যাবে?

-- <https://www.maynaguricollege.ac.in/student/notice-board/>

পরীক্ষার খাতা নিয়ে কোনো নিয়ম আছে?

১) ইউনিভার্সিটির পরীক্ষার খাতাতেই পরীক্ষা দিতে হবে।

২) নিজের কলেজ থেকেই খাতা নিতে হবে।

৩) খাতা নেওয়ার সময় টিচাররা ছাত্র/ছাত্রীদের রেজিস্ট্রেশন নম্বর হিসাবে খাতা দেবেন।
লিপিবদ্ধ করবেন। সই নেবেন।

এই লিস্ট ইউনিভার্সিটিতে যাবে।

৪) A-4 Page বা অন্য কিছুতে পরীক্ষা দেওয়া যাবে না।

৫) E-mail, Online Submission বন্ধ। ইউনিভার্সিটি এরকম খাতা নেবেনা।

খাতা কি নির্দিষ্ট দিনের পরে নেওয়া যাবে?

--- না। কারণ রেজিস্ট্রেশন হিসাবে নির্দিষ্ট ফর্মে ইস্যু হবে।

আমি অসুস্থ। বাবা/মা/অভিভাবক খাতা পাবেন?

--- খাতা নেওয়ার নিয়ম মেনে কলেজে এলে, বাবা/মা/অভিভাবক খাতা নিতে পারবেন।
প্রয়োজনে অধ্যক্ষার (ভারপ্রাপ্ত) অনুমতি দরকার হতে পারে।

পরীক্ষার প্রশ্ন কোথায় পাওয়া যাবে?

--- ইউনিভার্সিটির ওয়েবসাইটে।

খাতা জমা দেবো কখন?

---পরীক্ষা শেষ হবার ২ঘন্টার মধ্যে।

খাতা তুলতে যাবার সময় কী নিয়ে যাবো?

--- রেজিস্ট্রেশন সার্টিফিকেট আর পরীক্ষার ফর্ম ফিলাপের পে-স্লিপ।

পরীক্ষার সময় অসুস্থ হয়ে গেলে, অন্যকে দিয়ে উত্তর লেখালে কোনো অসুবিধা হবে?

--- এসব একদম করা যাবে না। ইউনিভার্সিটি অত্যন্ত সতর্ক। রেজিস্ট্রেশন বাতিল হয়ে যেতে পারে।

গাড়ি/টোটো ছিলনা। দুর্ঘটনা হয়েছে। তাই দেরি হলো কলেজে আসতে। আমার খাতা কি জমা হবে না?

--- না, হবে না।

কেন হবে না? অন্যবার তো হতো?

-- অন্যবার খাতা পরে নিয়ে যেতো ইউনিভার্সিটি। এবছর পরীক্ষার দিন নির্দিষ্ট সময়ের মধ্যে টিচারদের অনলাইনে খাতা জমা (Present/Absent) করতে হবে। Top Sheet বের হবে। সেই Top Sheet অনুযায়ী ২৫টি করে খাতা প্যাকিং হবে। সময়ের মধ্যে এই কাজ না করলে, ইউনিভার্সিটি পোর্টাল বন্ধ করে দিলে আর কোনো খাতা জমাই দেওয়া যাবে না। কারণ ইউনিভার্সিটি নোটিশ দিয়েছে যে, পরীক্ষা শুরুর ১৫মিনিট আগে প্রশ্নপত্রটি ওয়েবসাইটে দেবে এবং পরীক্ষা শেষের ২ঘন্টার মধ্যে অবশ্যই খাতা জমা দিতে হবে কলেজে।

তাহলে কি সুযোগ পাবো না?

-- একদমই না। ইউনিভার্সিটির পোর্টালে খাতা Absent দেখিয়ে দিলে, কোনোমতেই আর জমা নেওয়া যাবে না।

খাতা তো আমাদের কলেজের টিচাররাই দেখবেন?

--- না। খাতা ইউনিভার্সিটি নিয়ে যাবে। কলেজের সঙ্গে কোনো সম্পর্ক নেই খাতা দেখার।

সকলে একসঙ্গে দেখে দেখে উত্তর লিখবো ভাবছি

--- ইউনিভার্সিটি বলেছে উত্তরপত্র মিলে গেলে সেসকল ছাত্র ছাত্রীদের জবাবদিহি করতে ইউনিভার্সিটিতে ডাকা হতে পারে। ফলে সতর্ক থাকতে হবে।

দুটো লুজ শিট পেয়েছি। আরো পৃষ্ঠা লাগবে। কী করবো?

--- ইউনিভার্সিটি প্রদত্ত খাতা আর পৃষ্ঠাতেই লিখতে হবে। উত্তরপত্রের আয়তনের কথা মাথায় রেখে লিখতে হবে। অন্য কোনো উপায় নেই।

খাতায় কী কী দিকে খেয়াল রাখতে হবে?

নির্ভুলভাবে রোল নম্বর, সেমিস্টার, সেশন, পরীক্ষার তারিখ, রেজিস্ট্রেশন নং, পেপার, কোড লিখতে হবে। নিজের নাম কোথাও লেখা যাবে না।

উত্তরপত্র জমা দেওয়ার সময় কী নিয়ে আসতে হবে?

--- রেজিস্ট্রেশন কার্ড, অ্যাডমিট কার্ড

শেষ কথা :--

- ১) নিজের খাতা নিজে জমা দেবে। অন্যের ওপর ভরসা করবে না। টিচাররা অনলাইন Portal-এ Absent করে দিলে কোনোমতেই খাতা জমা নেওয়া সম্ভব হবে না। ফলে বছর নষ্ট হবে নির্দিষ্ট ছাত্র/ছাত্রীর। তাই অন্যকে খাতা জমা দেওয়ার দায়িত্ব কখনোই দেবে না। এটা তোমাদের জীবন-ভবিষ্যতের ব্যাপার।
- ২) নিয়ম মেনে নির্দিষ্ট লাইনে দাঁড়িয়ে জমা দেবে।
- ৩) খাতা exchange করা যাবে না। ইউনিভার্সিটি মিলিয়ে দেখবে।
- ৪) প্রয়োজনে আগের দিনই পরীক্ষার খাতার ওপর রোল নম্বর, সেমিস্টার, সেশন, কোড, রেজিস্ট্রেশন নং ইত্যাদি লিখে রাখতে পারো।
- ৫) বিকেলের পরীক্ষার ক্ষেত্রে ছাত্রীরা প্রয়োজনে অভিভাবককে সঙ্গে নিয়ে আসতে পারো। যাতায়াতের কথা মাথায় রেখো। তবে অভিভাবক কলেজের বাইরে থাকবেন।
- ৬) কলেজে অযথা ভিড় করা যাবে না।
- ৭) প্রয়োজনে পানীয় জল সঙ্গে করে নিয়ে আসবে।
- ৮) প্রয়োজনে মাস্ক ব্যবহার করবে।
- ৯) কলেজের কাছাকাছি থেকে পরীক্ষা দিতে চেষ্টা করবে। খাতা জমা দেওয়ার নির্দিষ্ট সময়টি মাথায় রাখবে।

সকলকে পরীক্ষার জন্য অগ্রিম শুভেচ্ছা